দৈনিক বাংলা

তারিখ 2● AUG 1987
পৃষ্ঠা 1 কলাম 7

C39

ডীন ও প্রভোস্টদের সভায় সিদ্ধান্ত

# প্রয়োজনে ঢাকা ভার্সিটি হল কর্তৃপক্ষ পুলিশ ডাকতে পারবেন

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মধ্য সেপ্টেম্বর নাগাদ বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার চিন্তা-ভাবনা করছেন। আগামীকাল শনিবার অনুষ্ঠেয় সিন্ডিকেট সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত হতে পারে। বিশ্বস্ত সূত্রে এ খবর জানা গেছে।

সূত্র আরও জানিয়েছেন, বিশ্ববিদ্যালয় খোলার কয়েকদিন আগেই হলসমূহ খুলে দেয়া হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় খোলার প্রক্রিয়া শুরু করেছেন। গত মঙ্গলবার একাডেমিক কাউন্সিল এবং গতকাল প্রশাসনিক কর্মকর্তাদের এক

(৫-এর পৃঃ দ্রঃ)

## ডাকতে পারবেন

(প্রথম পৃঃ পর)

সভায় বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে ঐকমত্য হয়। তবে সভা দুটিতে তারিখ নির্ধারণের ক্ষেত্রে কোন সিদ্ধান্ত হয়নি। সিন্ডিকেট বৈঠকে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে জানা গেছে।

গতকালের সভায় বিশ্ববিদ্যালয় খোলার প্রস্তুতি হিসাবে বিভিন্ন আবাসিক হলে কয়েকটি বিধিবিধান প্রয়োগের সিদ্ধান্ত নেয়া হয়। এর মধ্যে রয়েছে: কোন বহিরাগত অছাত্র অননুমোদিতভাবে হলে অবস্থান করলে এবং কারও কাছে অস্ত্র বা বিস্ফোরক দ্রব্য থাকার তথ্য পাওয়া গেলে হল প্রভোস্ট আইন রক্ষাকারী সংস্থার সাহায্য গ্রহণ করতে পারবেন। কোন হলে আইন-শৃংখলা পরিস্থিতির উদ্ভব হলে কর্তৃপক্ষ পুলিশ ডাকতে পারবেন। ইতিপূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী হলে রাতে সপ্তাহে পাঁচ দিন রোলকল করা হবে। এক হলের ছাত্র অন্য কোন ছাত্রাবাসে থাকতে পারবেন না। ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিভিন্ন অনুষদের ডীন এবং হলসমূহের প্রভোস্ট উপস্থিত ছিলেন।